



সংবাদ, ১০-১০-২০২১, পৃঃ ০৯

# ট্যাক্সের আওতা বৃদ্ধির পরামর্শ ফরাস উদিনের

**‘পঞ্চাশে বাংলাদেশ :  
অনিশ্চিত যাত্রা থেকে  
উন্নয়নের রোল মডেল’  
শীর্ষক আলোচনা**

## অর্থনৈতিক বার্তা পরিবেশক

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাস উদিন বলেন, ‘বাংলাদেশের মানুষের আয় বেড়েছে। সেইসঙ্গে বেড়েছে জয়ক্ষমতা। তবে সে তুলনায় ট্যাক্স দেয়ার পরিমাণ বাড়েনি। মাত্র ১০ ভাগ মানুষ ট্যাক্স দেয়। রাষ্ট্রীয় পুঁজি বাড়তে হলে ট্যাক্স আহরণ অবশ্যই বাড়তে হবে। দেশে ১ হাজার কোটিপতি ধাক্কেলও বিনিয়োগ তেমন নেই। বাড়ি খাতে মাত্র ১১ শতাংশ বিনিয়োগ হয়। কোটিপতিরা বিনিয়োগ করতে চায় না। বছরে ৫-৬ মিলিয়ন ডলার বিদেশে চলে যায়। আমাদের বিদেশি বিনিয়োগ আনতে হবে।’

তিনি বলেন, ‘প্রায় সেু, বঙ্গবন্ধু কর্ণফুলি টানেল, মেট্রো রেল এ প্রকল্পগুলো বাস্তবায়ন প্রায় শেষ। গ্রকল্প পরিপূর্ণভাবে চালু হলে ১ শতাংশ জিডিপি বাড়বে আর দারিদ্র্য কমবে ০ দশমিক ৮৫ শতাংশ হারে। এর ফলে বাংলাদেশের ইমেজ আরও অনেক বেড়ে যাবে। অঙ্গরামী অর্থনীতির দেশ হিসেবে আমরা মর্যাদা পাব।’

গতকাল অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড বিশ্ববিদ্যালয় থেকে জুম এবং ফেইসবুক লাইভের মাধ্যমে বিশ্বব্যাপী সম্প্রচারিত

‘পঞ্চাশে বাংলাদেশ : অনিশ্চিত যাত্রা থেকে উন্নয়নের রোল মডেল’ শীর্ষক ছিটাটীয় দিনের ভার্চুয়াল সম্মেলনে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর প্রফেসর মোহাম্মদ ফরাস উদিন এসব কথা বলেন।

তিনি আরও বলেন, ‘আমরা এলডিসি থেকে মধ্যম আয়ের দেশে উন্নত হতে চালেছি। বেশ কিছু এমডিজি গোল আমরা ইতোমধ্যে অর্জন করেছি। সামনে নানা ট্যাক্স সুবিধা বাংলাদেশ আর পাবে না। তবে এর ফলে রঙানি কমে যাবে এটা আমি মনে করি না। উন্নত দেশের দিকে এগিয়ে গেলে অনেক দেশ বাংলাদেশের সঙ্গে বাণিজ্য অংশীদার হতে চাইবে। সাগরে আমরা একটা বিশাল এলাকার মালিকানা পেয়েছি। যা ত্রুটি ইকোনমির দ্বারা খুলে দিয়েছে। যদিও আমরা এখনও এখানে ব্যাপক কাজ শুরু করতে পারিনি। তবে শীত্রাই সামুদ্রিক মাছ আহরণ, পর্যটন এমন সব সম্ভাবনায় ফেরে কাজ শুরু হলে বাংলাদেশ আরও এগিয়ে যাবে।’

তিনি আরও বলেন, ‘৭৫ এ বঙ্গবন্ধুর নশ্বর হত্যাকাণ্ডের পর বাংলাদেশ পুঁজিবাদ নীতি গ্রহণ করে। বাজার অর্থনীতি চালু হয়। নানা রকম উত্থান-পতনের মধ্য দিয়ে বাংলাদেশ এগিয়ে গেছে। বর্তমানে প্রায় ১৫ মিলিয়ন চাকরি সৃষ্টি হয়েছে। ওয়ার্ক ব্যাংক, আইএমএফসহ অনেক প্রতিষ্ঠান বাংলাদেশের অর্থনীতি নিয়ে নানা উদ্যোগের প্রশংসন করছে। অর্থ্যত সেন, কৌশিক বসুসহ আরও অনেকে বাংলাদেশ নিয়ে আশাবাদ ব্যক্ত করেছেন। ইকোমার্কেট, কুইন্সল্যান্ড মতো প্রভাবশালী পত্রিকাও এতে যোগ হয়েছে।’

বিজিএমইএ’র সভাপতি ফারুক হাসান বলেন, ‘৪ মিলিয়ন শ্রমিক নিয়ে গার্মেন্টস

খাত চলছে। এর মধ্যে ৬০ শতাংশ নারী। আরও ১০ মিলিয়ন মানুষ এ খাতের সঙ্গে পরোক্ষভাবে জড়িত। রঙানির প্রায় ৮৩ শতাংশ আয় গার্মেন্ট খাত থেকে আসে। বাংলাদেশে পুঁজিবীর সবচেয়ে বেশি ১৪৮টি প্রিন কারখানা রয়েছে। এর মধ্যে ৪৪টি প্লাটিনাম, ৯১টি গোল্ড আর ৯৭টি সিলভার। আমাদের গার্মেন্টস মূলত কটন কেন্দ্রীক, প্রায় ৭৪ শতাংশ। কিন্তু নন-কটনের অনেক বড় বাজার রয়েছে। এলডিসি থেকে উন্নত হলে এ সেক্টর অসুবিধায় পড়বে। কারণ, অনেক রকম ট্যাক্স সুবিধা আমরা আর পাব না। আশার কথা, আমরা চীনে গার্মেন্টস রঙানি শুরু করেছি।’

জাপানের কিয়ুন্ডি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শুনসুকিমানাগি সেমিনারে বলেন, ‘ইন্টেলিজিসেন্স সম্পদ ক্ষেত্রে ১৪০ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৪তম। বৃদ্ধির হার ৩.১ শতাংশ, যা অনেকের কাছেই ইর্ষণীয়। বন্যা মোকাবিলায় বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য দেখিয়েছে। আসেন্টিক সমস্যা কমিয়ে ফেলেছে। শিল্প ক্ষেত্রেও অগ্রগতি হয়েছে। ফিজিকাল সম্পদ (রাস্তা, ইমারত, মেশিনারিজ) বাড়ছে। জিডিপি বাড়ছে। তবে প্রাকৃতিক সম্পদ কমছে। অনলাইনে অনুষ্ঠিত এই কনফারেন্সের আয়োজন করেছে অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি, আরএমআইটি ইউনিভার্সিটি, কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি অফ টেকনোলজি, প্রিফিথ ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অফ সাউদার্ন কুইন্সল্যান্ড, ম্যাক্সিয়ারি ইউনিভার্সিটি, সুগার রিসার্চ অস্ট্রেলিয়া, কুইন্সল্যান্ড হেলথের সিনিয়র শিক্ষক ও গবেষকরা এবং অস্ট্রেলিয়ার সামাজিক সংগঠন ‘আমরা ক’জন-দি লিগ্যাসি অফ বঙ্গবন্ধু অস্ট্রেলিয়া ইনক।’